রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১৭, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সীমান্ত অধিশাখা-১

প্রজ্ঞাপন

তারিখ: ০১ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ/১৬ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ।

এস. আর. ও. নং ২৩১-আইন/২০১৬।—বর্ডার গার্ড বাংলাদেশ আইন, ২০১০ (২০১০ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা বর্ডার গার্ড বাংলাদেশ (পোশাকধারী কর্মকর্তা) নিয়োগ বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) ‘‘**আইন**’’ অর্থ বর্ডার গার্ড বাংলাদেশ আইন, ২০১০ (২০১০ সনের ৬৩ নং আইন);

(২) ‘‘**জুনিয়র কর্মকর্তা**’’ অর্থ সুবেদার মেজর, সুবেদার বা নায়েব সুবেদার;

(৩) ‘‘**পোশাকধারী কর্মকর্তা**’’ অর্থ তফসিলে উল্লিখিত কোন কর্মকর্তা;

(৪) ‘‘**তফসিল**’’ অর্থ এই বিধিমালার তফসিল;

(৫) ‘‘**নিয়োগকারী কর্তৃপক্ষ**’’ অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(৬) ‘‘**পদ**’’ অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৭) ‘‘**পদবিধারী বর্ডার গার্ড সদস্য**’’ অর্থ আইনের ধারা ৬(১) এর দফা (গ) এ উল্লিখিত বাহিনীর সদস্য;

(৮) **''প্রয়োজনীয় যোগ্যতা''** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(৯) **''বাহিনী''** অর্থ বর্ডার গার্ড বাংলাদেশ;

(১০) **''মহাপরিচালক''** অর্থ বাহিনীর মহাপরিচালক;

(১১) **''শিক্ষানবিস''** অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি।

৩। **নিয়োগ পদ্ধতি।**—তফসিলে উল্লিখিত বিধানাবলি সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ দান করা যাইবে, যথা:-

(ক) প্রেষণে বদলির মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

৪। **নির্বাচনী পর্ষদ।**—পদোন্নতির মাধ্যমে নিয়োগ দানের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ উহার নিকট সুপারিশ প্রদানের উদ্দেশ্যে এক বা একাধিক নির্বাচনী পর্ষদ গঠন করিতে পারিবে।

৫। **প্রেষণে বদলির মাধ্যমে নিয়োগ।**—সরকার, কোন পদে সশস্ত্র বাহিনীর কমিশনপ্রাপ্ত কর্মকর্তা, বা ক্ষেত্রমত, বাংলাদেশ পুলিশের সদস্যগণের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে নিয়োগ প্রদান করিতে পারিবে।

৬। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এই বিধিমালার বিধানাবলি সাপেক্ষে, কোন পোশাকধারী কর্মকর্তাকে পরবর্তী উচ্চতর পদে এবং কোন জুনিয়র কর্মকর্তা বা, ক্ষেত্রমত, পদবিধারী বর্ডার গার্ড সদস্যকে সহকারী পরিচালক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) কেবল জ্যেষ্ঠতার কারণে কোন কর্মকর্তা অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবি করিতে পারিবেন না।

(৩) কোন কর্মকর্তাকে চাকরির ক্ষেত্রে অসাধারণ কৃতিত্ব, কর্তব্যনিষ্ঠা এবং চাকরিকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হইবার কারণে, ব্যতিক্রমী ক্ষেত্র হিসাবে, তফসিলে বর্ণিত চাকরিকাল পূরণক্রমে পালা অতিক্রম করতঃ পদোন্নতি প্রদান করা যাইবে।

(৪) যদি কোন কর্মকর্তার চাকরির প্রয়োজনীয় বৃত্তান্ত বা বার্ষিক গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৭। **সহকারী পরিচালক পদে পদোন্নতি।**—(১) উপ-বিধি (৩) এর অধীন প্রাপ্ত নির্বাচনী পর্ষদের সুপারিশের ভিত্তিতে, কোন জুনিয়র কর্মকর্তা বা, ক্ষেত্রমত, পদবিধারী বর্ডার গার্ড সদস্যগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে সহকারী পরিচালক পদে নিয়োগ প্রদান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে সুপারিশ প্রদানের নিমিত্ত নিয়োগকারী কর্তৃপক্ষ, বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত নির্বাচনী পর্ষদ মহাপরিচালক কর্তৃক প্রদত্ত বা জারীকৃত নির্দেশ অনুসরণক্রমে, কোন জুনিয়র কর্মকর্তা বা, ক্ষেত্রমত, পদবিধারী বর্ডার গার্ড সদস্যগণের মধ্য হইতে পটেনশিয়াল এডি কোর্সের জন্য সদস্য নির্বাচন করিতে পারিবে।

(৩) নির্বাচনী পর্ষদ উপ-বিধি (২) এ উল্লিখিত কোর্স সফলভাবে সম্পন্নকারী সদস্যগণকে সহকারী পরিচালক হিসাবে নিয়োগের জন্য সরকারের নিকট সুপারিশ প্রদান করিবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন নির্বাচিত কোন সদস্য পটেনশিয়াল এডি কোর্স সফলভাবে সম্পন্ন করিতে না পারিবার কারণে উপ-বিধি (৩) এর অধীন সহকারী পরিচালক পদে পদোন্নতির জন্য সুপারিশকৃত না হইলে, তিনি ইচ্ছা করিলে চাকরি হইতে স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন করিতে পারিবেন এবং মহাপরিচালক তাহার আবেদন মঞ্জুর বা নামঞ্জুর করিতে পারিবেন।

৮। **শিক্ষানবিস।**—(১) পদোন্নতির ক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা যোগদানের তারিখ হইতে ৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিস থাকিবেন:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ অনধিক ৩ (তিন) মাসের জন্য বৃদ্ধি করিতে পারিবে।

(২) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ-

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; বা

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করিবার ব্যবস্থা করিতে পারিবে।

(৩) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৯। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে প্রেষণ ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ থাকিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

১০। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Superior Officers (Bangladesh Rifles) Recruitment Rules, 1980 এতদ্বারা রহিত হইবে।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিতকৃত Rules এর অধীন-

(ক) যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে উহা এই বিধিমালার অধীন সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) কোন কর্মকর্তা এই বিধিমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে যে শর্তাধীনে চাকরিতে নিয়োজিত ছিলেন, এই বিধিমালার বিধান অনুযায়ী পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে বাহিনীর চাকরিতে নিয়োজিত থাকিবেন এবং পূর্বের নিয়মে বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হইবেন; এবং

(গ) অনিষ্পন্ন কার্যাদি, যদি থাকে, রহিতকৃত Rules এর অধীন এমনভাবে নিষ্পন্ন হইবে যেন উক্ত Rules রহিত হয় নাই।

তফসিল

[বিধি ২(৪), ৩ ও ৯ দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম	বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	মহাপরিচালক	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ সেনাবাহিনী হইতে প্রেষণে সরকার কর্তৃক নির্ধারিত শর্তে নিযুক্ত হইবেন।
২।	অতিরিক্ত মহাপরিচালক	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ সশস্ত্র বাহিনীর ব্রিগেডিয়ার জেনারেল বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে।
৩।	অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসক)	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ সেনাবাহিনীর ব্রিগেডিয়ার জেনারেল পদবির চিকিৎসক/বিশেষজ্ঞ চিকিৎসকগণের মধ্য হইতে।
৪।	উপ-মহাপরিচালক	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ সশস্ত্র বাহিনীর কর্ণেল বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে।
৫।	উপ-মহাপরিচালক (চিকিৎসক)	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ সেনাবাহিনীর কর্ণেল পদবির চিকিৎসকগণের মধ্য হইতে।
৬।	উপ-মহাপরিচালক/ পরিচালক (চিকিৎসক)	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ সেনাবাহিনীর কর্ণেল/ লেফটেন্যান্ট কর্ণেল পদবির চিকিৎসক/ বিশেষজ্ঞ চিকিৎসকগণের মধ্য হইতে।
৭।	পরিচালক	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ সশস্ত্র বাহিনীর লেফটেন্যান্ট কর্ণেল বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে।
৮।	পরিচালক (চিকিৎসক)	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ সেনাবাহিনীর লেফটেন্যান্ট কর্ণেল পদবির চিকিৎসক/বিশেষজ্ঞ চিকিৎসকগণের মধ্য হইতে।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৯।	পরিচালক/অতিরিক্ত পরিচালক (চিকিৎসক)	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ সেনাবাহিনীর লেফটেন্যান্ট কর্ণেল/মেজর পদবির বিশেষজ্ঞ চিকিৎসকগণের মধ্য হইতে।
১০।	অতিরিক্ত পরিচালক	-	(ক) ৯৫% পদ প্রেষণে বদলির মাধ্যমে; এবং (খ) ৫% পদ পদোন্নতির মাধ্যমে।	(ক) প্রেষণে নিয়োগের ক্ষেত্রে: বাংলাদেশ সশস্ত্র বাহিনীর মেজর বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। (খ) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে: উপ-পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।
১১।	অতিরিক্ত পরিচালক (চিকিৎসক)	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ সেনাবাহিনীর মেজর পদবির বিশেষজ্ঞ চিকিৎসকগণের মধ্য হইতে।
১২।	অতিরিক্ত পরিচালক/ উপ পরিচালক (চিকিৎসক)	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ সেনাবাহিনীর মেজর/ক্যাপ্টেন পদবির চিকিৎসকগণের মধ্য হইতে।
১৩।	উপ-পরিচালক	-	(ক) ৭৫% পদ প্রেষণে বদলির মাধ্যমে; এবং (খ) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে।	(ক) প্রেষণে নিয়োগের ক্ষেত্রে: বাংলাদেশ সশস্ত্র বাহিনীর ক্যাপ্টেন বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। (খ) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে: সহকারী পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।
১৪।	উপ-পরিচালক (চিকিৎসক)	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ সেনাবাহিনীর ক্যাপ্টেন পদবির চিকিৎসকগণের মধ্য হইতে।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৫।	সহকারী পরিচালক	৩৫ বৎসর হইতে ৪৫ বৎসর	জুনিয়র কর্মকর্তাগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতির যোগ্য জুনিয়র কর্মকর্তা পাওয়া না গেলে পদবিধারী বর্ডার গার্ড সদস্যগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।	(ক) সুবেদার মেজর পদে ০১ (এক) বৎসর, সুবেদার পদে ০১ (এক) বৎসর বা নায়েব সুবেদার পদে ০১ (এক) বৎসরের চাকরির অভিজ্ঞতা; অথবা (খ) হাবিলদার পদে ০১ (এক) বৎসর, নায়েক পদে ০২ (দুই) বৎসর বা ল্যান্স নায়েক পদে ০৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং (গ) পটেনশিয়াল এডি কোর্স সফলতার সহিত সম্পন্ন করা।
১৬।	পুলিশ ইন্সপেক্টর	-	প্রেষণে বদলির মাধ্যমে	বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর পদবির কর্মকর্তাগণের মধ্য হইতে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd